

# বিদেশি দক্ষ লোকজনের পিছনে বছরে ৪ বিলিয়ন ডলার চলে যাচ্ছে

## দক্ষতা প্রকল্পের উদ্বোধনীতে অর্থমন্ত্রী

■ ইত্তেকাক রিপোর্ট

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বাংলাদেশে দক্ষতার অভাব রয়েছে। তাই বিভিন্ন কাজে বিদেশ থেকে দক্ষ লোকজন আনতে হয়। তারা কাজ করে ধৰ্তি বছর চার বিলিয়ন ডলার নিয়ে যাচ্ছে (রেমিটান্স আউটফ্রেচ্চ)। আমাদের শ্রমিকদের দক্ষতা বাড়াতে পারলে এ পরিস্থিতির পরিবর্তন হবে। গতকাল সোমবার রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ গার্মেন্ট যোন্দুক্যাকচার্স অ্যান্ড এক্সপোর্টস এসোসিয়েশন (বিজিএমইএ) আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। এশীয় উন্নয়ন ব্যৱকের (এডিবি) অর্থায়নে দক্ষতা উন্নয়ন প্রকল্প কিল ফর এমপ্লায়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম' এসইআইপি-এর উদ্বোধন উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিজিএমইএর ভারপ্রাপ্তি সভাপতি এসএম মাদ্রান কচির সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন এফবিসিসিআই'র প্রথম সহ-সভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন, এডিবির টিম লিডার ব্রজেশ পাল, এসইআইপি প্রকল্পের পরিচালক জালাল আহমেদ, বিজিএমইএর সাবেক সহ-সভাপতি সিদ্ধিকুর রহমান, সহ-সভাপতি রিয়াজ বিন মাহমুদ প্রযুক্তি।

অর্থমন্ত্রী বলেন, দক্ষতা উন্নয়ন ছাড়া আমাদের অর্থনৈতিক কোন স্ফুরণ বাস্তবায়ন করা সম্ভব হবে না। তাই দক্ষতা উন্নয়নের এ প্রকল্প বাস্তবায়নে অর্থ মন্ত্রণালয় এগিয়ে এসেছে। তিনি বলেন, এ প্রকল্পের আওতায় বিভিন্ন মেয়াদে মোট ২ লাখ ৬০ হাজার জন প্রশিক্ষণ পাবেন।

এফবিসিসিআই সহ-সভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন বলেন, গার্মেন্টস খাতের রপ্তানি ৫০ বিলিয়ন ডলার করার যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা বাস্তবায়নে দক্ষ শ্রমিক খুবই প্রয়োজন। তা করতে পারলে পোশাক খাত থেকে ৬০ বিলিয়ন ডলারও আঢ়া করা সম্ভব।

এসএম মাদ্রান কচি বলেন, পোশাক শিল্পে বর্তমানে ২৫-৩০ শতাংশ দক্ষ শ্রমিকের অভাব রয়েছে।